জামায়াত আমিরের সঙ্গে সিঙ্গাপুর হাইকমিশনারের বৈঠক



জামায়াত আমিরের সঙ্গে সিঙ্গাপুর হাইকমিশনারের সৌজন্যে বৈঠক। ছবি: সংগৃহীত

বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের নন-রেসিডেন্ট হাইকমিশনার ডেরেক লোহের সঙ্গে বৈঠক করেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। সোমবার সকালে রাজধানীর বসুন্ধরায় তার কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

বৈঠকে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি, অর্থনৈতিক অগ্রগতি, শিল্প-বাণিজ্যের সম্প্রসারণ এবং জাতীয় নির্বাচন-পরবর্তী গণতান্ত্রিক পরিবেশ নিয়ে আলোচনা হয়।

পাশাপাশি রাষ্ট্রীয় সংস্কার, গণভোট ও 'জুলাই সনদ' বাস্তবায়নের বিষয়ও উঠে আসে।

সিঙ্গাপুরের হাইকমিশনার বাংলাদেশের উন্নয়ন অগ্রগতির প্রশংসা করেন এবং দুই দেশের মধ্যে বাণিজ্য ও সহযোগিতা বাড়ানোর আগ্রহের কথা জানান। পরে উভয় পক্ষ পারস্পরিক সম্পর্ক আরও জোরদারে একমত পোষণ করেন।

এ সময় সিঙ্গাপুর সফরের জন্য ডা. শফিকুর রহমানকে আমন্ত্রণ জানানো হয়। বৈঠকে সিঙ্গাপুর হাইকমিশনের ঊর্ধ্বতন কর্মকর্তাদের পাশাপাশি ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম আরমানও উপস্থিত ছিলেন।